নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৪০ ২৬ নভেম্বর ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবিতে আইওএম এর মানবপাচার প্রতিরোধ বিষয়ক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) এর উদ্যোগে মানবপাচার প্রতিরোধ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৬ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আইন বিভাগের সহযোগিতায় 'এডুকেটিং ফর জাস্টিস: এমপাওয়ারিং ল' গ্রাজুয়েট টু ফাইট হিউম্যান ট্র্যাফিকিং' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি আইন বিভাগের চেয়ারম্যান ড. মো. শফিউল্লাহর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। স্বাগত বক্তব্য রাখেন আইওএম এর হেড অব প্রটেকশন পূজা বালা এবং নোবিপ্রবি আইন বিভাগের সহকারী অধ্যাপক সাজ্জাদুল করিম। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক এ. বি. এম আবু নোমান।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে নোয়াখালী একটি অভিবাসনপ্রবণ এলাকা। তাই এখানকার মানুষদের মানবপাচার বিষয়ে সচেতন হওয়া জরুরী। পরিসংখ্যান অনুযায়ী ২০২৫ সালে এ পর্যন্ত মানবপাচারের সংখ্যা গত বছরের তুলনায় বেশী। যা খুবই উদ্বেগজনক। এক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থা সহায়তায় এগিয়ে আসে এবং পাচারকারীদের আইনের আওতায় আনার চেষ্টা করে। কিন্তু এটা প্রকৃত সমাধানের পথ নয়। এক্ষেত্রে জনসচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, আইনের শিক্ষার্থী হিসেবে আপনাদের মানবপাচার রোধে অগ্রণী ভূমিকা পালন করার সুযোগ রয়েছে। আমরা আমাদের পাঠ্যক্রমে মানবাধিকারের সকল বিষয়াদি অন্তর্ভূক্ত করতে চাই। তবেই আমাদের পাঠ্যক্রম হবে বিশ্বমানের এবং আমাদের শিক্ষার্থীরা হবে বিশ্বমানের নাগরিক।

সেমিনারে কি-নোট স্পিকার অধ্যাপক এ. বি. এম আবু নোমান 'এডুকেটিং ফর জাস্টিস: ইনক্লুশন অব অ্যান্টি-ট্র্যাফিকিং কারিকুলাম টু প্রিপেয়ার দ্যা নেক্সট জেনারেশন অব লিগ্যাল প্রফেশনালস্' শীর্ষক তথ্যবহুল প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এতে আইন বিভাগের পাঠ্যক্রমে অ্যান্টি-ট্র্যাফিকিং বিষয়টি অন্তর্ভূক্ত করার বিষয়ে গুরুত্বারোপ করেন তিনি।

পরে সেমিনারে অংশগ্রহণকারীদের মধ্যে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পাশাপাশি আইওএম থেকে আগত অতিথিদেরকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভোট অব অ্যাপ্রেসিয়েশন প্রদান করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪